আজকের কাগজ

02

তারিখ: ২৭।৭।৯১
পৃষ্ঠা: ৮ কলাম: ১

# ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশ, পাসের হার ৬৭.৫৮%



ছেলে প্রথম হয়েছে। সেই আনন্দে গর্বিত পিতা-মাতা। মাধ্যমিক পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকারী জালাল আহমেদ মির্জাকে প্রাণভরা খুশিতে মুখে মিষ্টি তুলে দিলেন তার মা —আজকের কাগজ

**কাগজ প্রতিবেদক ঃ** গতকাল সোমবার ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। এবারের পাসের হার ৬৭ দশমিক ৫৮ ভাগ।

গত মে মাসে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় ১ লাখ ৪৮ হাজার ৩ জন পরীক্ষার্থী অংশ নেয়। এদের মধ্যে পাস করেছে ১ লাখ ২৭ জন। কোনরকম পূর্ব ঘোষণা বা আনুষ্ঠানিকতা ছাড়াই গতকাল বিকেলে ঢাকা বোর্ড অফিস কর্তৃপক্ষ ফলাফল ঘোষণা করেছেন। দীর্ঘ কয়েক বছর পর এবারই প্রথম পৃথকভাবে ঢাকা বোর্ডের ফল প্রকাশ করা হয়। ঘূর্ণিঝড়ের কারণে অন্যান্য বোর্ডের পরীক্ষা অনুষ্ঠান পিছিয়ে যায়।

এবারের পরীক্ষায় ১১ হাজার ২৩ জন প্রথম বিভাগ, ৪৫ হাজার ৪৫৬ জন দ্বিতীয় বিভাগ এবং ৩৫ হাজার ৫৪৮ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে। পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদের পাসের হার ৬৮ দশমিক ৮১ ভাগ, ছাত্রীদের হার ৬৫ দশমিক ৪০ ভাগ। সাধারণ বিজ্ঞানসহ পরীক্ষার্থীদের পাসের হার ৭৮.২২ ভাগ এবং সমাজবিজ্ঞানসহ পরীক্ষার্থীদের পাসের হার ৫৬ দশমিক ৭৭ ভাগ। এবার মোট ৯৬ হাজার ৩১৫ জন পুরুষ পরিক্ষার্থীদের মধ্যে উত্তীর্ণ হয়েছে ৬৫ হাজার ২৭৬ জন। এবং মোট ৫৩ হাজার ৮৫৩ জন মহিলা পরিক্ষার্থীর মধ্যে উত্তীর্ণ হয়েছে ৩৪ হাজার ৭৫১ জন।

অন্যান্যবার সাধারণত বৃহস্পতিবারে পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়, কিন্তু এবার তা হয়নি।

এবার মাধ্যমিক পরীক্ষায় সাধারণ বিজ্ঞান বিষয়সহ উত্তীর্ণ পরীক্ষার্থীদের মেধা তালিকায় প্রথম ২০ জনের মধ্যে ১৪জন হচ্ছেন টাঙ্গাইল মির্জাপুর ক্যাডেট কলেজের। ঐ তালিকায় প্রথম থেকে ৪র্থ স্থানও দখল করেছে ঐ প্রতিষ্ঠানের ছাত্ররা। মেধা তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ।

এ প্রতিষ্ঠানের ৬জন ছাত্রী মেধা তালিকায় রয়েছেন। ঢাকা গভর্নমেন্ট ল্যাবরেটরী হাইস্কুলের ৪জন মেধা তালিকায় রয়েছে। এ ছাড়া সেন্ট যোসেফ হাইস্কুলের ৩, ঢাকা সেন্টগ্রেগরী হাইস্কুলের-১, ভিকারুননিছা নূন-স্কুলের-২, ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাইস্কুলের ১ ও আইডিয়াল হাইস্কুলের ১জন ঐ তালিকায় আছেন। সাধারণ বিজ্ঞান বিষয়ে মেয়েদের প্রথম ১০ জনের মধ্যে ৮জনই ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজের। এরপরে রয়েছে ২জন ঢাকা ভিকারুননিছা নূন স্কুলের। এছাড়া মনিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকার ১ ও ঢাকা ধানমন্ডি সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ১জন ঐ তালিকায় রয়েছে।

সমাজ বিজ্ঞান বিষয়ে ছেলে ও মেয়েদের সম্মিলিতভাবে ২০ জনের তালিকায় কোনো প্রতিষ্ঠানই একচেটিয়াভাবে স্থান দখল করতে পারেনি। এ তালিকায় ৪জন ঢাকা ভিকারুননিছা নূন স্কুলের ও দ্বিতীয় স্থানে রয়েছে টাঙ্গাইল মির্জাপুর ক্যাডেট কলেজ। এ প্রতিষ্ঠানের রয়েছে ৩জন।